# ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের
# ৩৬তম সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ ঃ ৩০ জানুয়ারি ২০২৪ খ্রিঃ
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা
স্থান ঃ থিয়েটার ইনষ্টিটিউট, চট্টগ্রাম

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

আপনার শহরকে পরিচ্ছন্ন ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

**চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৬তম সাধারণ সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ৩০জানুয়ারি ২০২৪ খ্রিঃ |
| স্থান | : | থিয়েটার ইনস্টিটিউট চট্টগ্রাম |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে চট্টগ্রামের গণ্যমান্য ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৫তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম গত সভায় বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগওয়ারী গৃহিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব জনাব খালেদ মাহমুদ-কে আহবান জানান।

সচিব এ বিষয়ে বিভিন্ন সংস্থার প্রতিনিধি, চসিকের বিভাগীয় প্রধানগণ ও প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিচালকদের প্রকল্প অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন বিশেষত সড়ক সংস্কার, জলাবদ্ধতা নিরসণ, মশক নিধন বিষয়ে সার্বিক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অগ্রগতির বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বিগত সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে এবং অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।

অতঃপর পরবর্তী আলোচ্য সূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১. ৮নং শোলকবহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মো. মোরশেদ আলম বিভিন্ন ওয়ার্ডে বাস্তবায়িত প্রকল্পগুলোর স্থানে বিবরণসহ নামফলক স্থাপনের অনুরোধ জানান। তিনি ওয়ার্ডের উন্নয়ন কর্মকান্ডে কাউন্সিলরদের সাথে কর্মকর্তাদের সমন্বয়ের বিষয়ে গুরুত্ব দেবার জোর দাবী জানান।

১.২. ১৪ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব আবুল হাসনাত মো. বেলাল বর্তমান শুষ্ক মৌসুমের মধ্যে নালানর্দমাগুলো পরিষ্কারের অনুরোধ জানান। তিনি প্রতিদিনের উত্তোলিত আবর্জনাগুলো যানবাহনের অভাবে যথাসময়ে পরিবহন না হওয়ায় যত্রতত্র আবর্জনা পড়ে থাকায় জনগণের অসুবিধা হচ্ছে বিধায় এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

১.৩. ১৭ নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ শহিদুল আলম বলেন, বাকলিয়ার কেডিএস গলিতে কাজ না করে ফলক দেয়া হয়েছে। তিনি প্রতিটি ওয়ার্ডে ২৫০০ কোটি টাকার প্রকল্পের অধীনে কি পরিমাণ কাজ সম্পন্ন হয়েছে তা আগামি সাধারণ সভায় পেশ করার অনুরোধ জানান। তিনি তাঁর ওয়ার্ডে শ্রমিক স্বল্পতার কারণে পরিচ্ছন্ন কাজ সম্পন্ন করা দুরুহ হয়ে পরেছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি বৈদ্যুতিক সরঞ্জামাদি যথাসময়ে সরবরাহ না করায় আলোকায়নে বিঘ্ন ঘটছে বলে সভাকে অবহিত করেন।

১.৪. ২১নং জামালখান ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব শৈবাল দাশ সুমন বলেন ; সিডিএ'র নির্দেশে ভবন মালিকেরা যেসব ভবন ভাঙছে তা চসিকের নালাগুলোতে ফেলায় নালা বন্ধ হয়ে যাচ্ছে। এ বিষয়ে তিনি সিডিএ প্রতিনিধিকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

১.৫. ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ইলিয়াছ বলেন , ওয়াসা কর্তৃক স্যুয়ারেজ সুবিধা প্রদানের বিপরীতে গৃহমালিকদের ফি পরিমান বিল প্রদান করতে হবে এবং অতিরিক্ত হলে সহনীয় মাত্রায় করার অনুরোধ জানান।

১.৬. ২৯নং পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব গোলাম মোঃ জোবায়ের বলেন, নিউ মার্কেটের শহীদ কামাল চত্বরে মাদকসেবীদের আড্ডা বসে যার দরুন এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি হচ্ছে। তিনি কদমতলী, কলেজিয়েট স্কুল , কমার্স কলেজসহ সকল স্কুল কলেজের সংলগ্ন সড়কে জেব্রা ক্রসিং করার অনুরোধ জানান। তিনি স্কুল, মন্দির , মসজিদের সংলগ্ন সড়কে "হর্ণ বাজানো নিষেধ" সম্বলিত সাইনবোর্ড স্থাপনের অনুরোধ জানান।

১.৭. ১৪ নং বাগমনিরাম ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর ও প্যানেল মেয়র -২ জনাব গোহাম্মদ গিয়াস উদ্দিন নিউ মার্কেট মোড়ে অবস্থিত চট্টগ্রাম সিটি কর্পোরেশন কম্পিউটার ইনিস্টিটিউট পূর্বে সুনামের সাথে কাজ করলেও বর্তমানে জরাজীর্ণ অবস্থায় পরিণত হওয়ায় কিভাবে তা লাভজনক করা যায় এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

১.৮. চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার কাজী তুষার রশীদ বলেন, হকার উচ্ছেদে সবাইকে সমন্বিতভাবে কাজ করতে হবে। বর্তমানে কিছু এলাকায় ফুটপাত পুরোপুরি দখল হয়ে গেছে। একারণে অনেক মানুষকে ফুটপাতে জায়গা না পাওয়ার রাস্তায় হাঁটতে হচ্ছে যা দুর্ঘটনা ও জ্যাম বাড়াচ্ছে। পর্যাপ্ত জেব্রা ক্রসিং না থাকার কারণে পথচারীরা সমস্যায় ভুগছেন। পর্যাপ্ত জেব্রা ক্রসিং নির্মিত হলে যানজট ও দুর্ঘটনা কমবে। নগরীতে দুর্ঘটনা বেশি হচ্ছে মোড়গুলোতে। আমরা যদি পরিকল্পনামাফিক মোড়গুলোকে গড়তে পারি তবে দীর্ঘমেয়াদে নগরীর ট্রাফিক ব্যবস্থাপনা উন্নত হবে। বর্তমানে যে সমস্ত গাড়িকে আইনভঙ্গের জন্য আটক করা হয় সেগুলোকে রাখার জন্য পুলিশের ডাম্পিং স্টেশন প্রয়োজন। চসিক এধরনের গাড়ির জন্য ডাম্পিং স্টেশন করলে নগরীতে যানজট হ্রাস পাবে এবং অটোরিকৃত গাড়ির ব্যবস্থাপনা উন্নত হবে। তিনি ডিজিট্যাল সিগন্যাল সিস্টেম ও সিসি ক্যামেরার মাধ্যমে উন্নত দেশের ন্যায় ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা চালুকরনে চসিকের প্রকৌশলীদের দৃষ্টি আকর্ষন করেন।

১.৬. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী জনাব আহমদ মঈনুদ্দিন বলেন, এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্পগুলো কোথায় কিভাবে হবে তার প্রেজেন্টেশন ইতোমধ্যে মাননীয় মেয়র বরাবর উপস্থাপন করা হয়েছে। চউকের ৪৫৮ তম বোর্ড সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদনকৃত প্লানের ভবনের সম্মুখস্থ রাস্তার জন্য ছাড়কৃত জায়গা চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে ইজমেন্ট দলিলমূলে (রেজিষ্ট্রিকৃত) হস্তান্তরের কার্যক্রম গ্রহণ করা হবে। হায়েষ্ট ফ্লাড লেভেল বিবেচনায় আগামী ৫০ বছরের জন্য রাস্তার স্থায়িত্ব বিবেচনা করে চউক কর্তৃক রাস্তা সমূহ সংস্কার ও নির্মাণ করা হয়। মুরাদপুর শীতল ঝর্ণা এলাকায় জলাবদ্ধতা প্রকল্পের আওতায় ফুটওভারব্রীজ নির্মাণের বিষয়টি যাচাই করে জানানো হবে। চাক্তাই মিয়া সওদাগর সড়কের পার্শ্বস্থ খালে জলাবদ্ধতা প্রকল্পের আওতায় রিটেনিং ওয়াল নির্মাণ কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। পতেঙ্গা রিং রোডের আলোকায়নের জন্য স্ট্রীট লাইট স্থাপনের দরপত্র আহবান করা হয়েছে এবং ২৫-০১-২০২৪ তারিখে দরপত্র দাখিল করা হয়েছে। কর্ণফুলী নদীর তীর বরাবর নির্মিত সড়ক প্রকল্পে কৈবর্ত্য পাড়া অংশে ফ্লাডওয়াল নির্মাণের জন্য সম্ভাব্যতা ও ব্যয় নির্ধারণের জন্য পরামর্শক প্রতিষ্ঠানকে দায়িত্ব দেয়া হয়েছে। পরামর্শকের সুপারিশ অনুসারে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ইমারত নির্মাণ বিধিমালা ২০০৮ অনুযায়ী আবাসিক বাণিজ্যিক কিংবা মিশ্র ব্যবহার এর নকশা অনুমোদনের ক্ষেত্রে বিধি মোতাবেক পার্কিং নিশ্চিত করা হয়। এছাড়া ভবন নির্মাণকালীন সময়ে চউক এর অথরাইজেশন শাখা কর্তৃক ব্যত্যয়কৃত অনুমোদিত নকশায় বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়।

১.৭. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মো. গোলাম মোর্শেদ বলেন, নিউ মার্কেট এলাকায় হকারদের কারণে তাদের কার্যালয়ের প্রবেশ মুখ বন্ধ হয়ে গেছে যার কারণে অফিসে প্রবেশ করা দুষ্কর হয়ে পড়েছে। তিনি উক্ত স্থান হতে হকার উচ্ছেদ করে অফিসে প্রবেশের পথ সুগম করার জন্য সভাকে অনুরোধ জানান।

১.৮ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষের উপসহকারী পরিচালক মো. আবদুল্লাহ হারুন পাশা বলেন, অগ্নি নির্বাপনে পানির প্রাপ্যতা নিশ্চিতে ওয়াসা কর্তৃক নগরীর গুরুত্বপূর্ণ স্থানে স্থাপনকৃত শতাধিক ফায়ার হাইড্রেন্ট গুলো থেকে জরুরী মুহূর্তে ফায়ার সার্ভিসের পানি পাওয়া নিশ্চিত করনে ওয়াসা কর্তৃক ব্যবস্থা গ্রহণার্থে চসিকের সহযোগিতা কামনা করেন।

১.৯. 'চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতায় বিমানবন্দর সড়কসহ বিভিন্ন সড়ক উন্নয়ন ও গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়ন' শীর্ষক প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক ছমিউদ্দিন প্রকল্পের ভৌত অগ্রগতি ১৭ শতাংশ বলে জানান।

১.১০. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম ৬ষ্ঠ পরিষদের দায়িত্ব নেবার পর বায়েজিদ লিংক রোড, ২৫০০ কোটি টাকার প্রকল্প, কোভিড প্রকল্প, বাস টার্মিনাল নির্মাণ প্রকল্প পরিচালিত হচ্ছে। তন্মধ্যে জননেত্রী শেখ হাসিনা সড়ক ও বঙ্গবন্ধু মুক্তমঞ্চ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। ২৫০০ কোটি টাকার প্রকল্পে মূলত ২১৫৮ কোটি টাকা বরাদ্দ পাওয়া যাবে। ইতোমধ্যে ১৩৭৩ কোটি টাকার টেন্ডার আহবান করা হয়েছে এবং ৭৫৪ কোটি টাকা বাকি রয়েছে। ২৫০০ কোটি টাকার প্রতিটি প্রকল্পে ১ মাসের মধ্যে সাইন বোর্ড স্থাপন করা হবে। ফেব্রুয়ারি মধ্যে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিং সম্পন্ন করা হবে। পে পার্কিংয়ের জন্য আগ্রাবাদ বাণিজ্যিক এলাকার সার্ভে করা হয়েছে যা মাননীয় মেয়র মহোদয়কে অনুমতিক্রমে ১লা মার্চ থেকে বাস্তবায়ন করা হবে। সাধারণ সভায় সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যাটারি চালিত রিক্সাকে সোলারে রূপান্তরের বিষয়ে চসিক প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যাঃ), ট্রাফিক বিভাগসহ সংশ্লিষ্টদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে এবং তার অগ্রগতি আগামি সভায় উপস্থাপন করা হবে। চসিকের উদ্যোগে ১টি

ইলেকট্রিক গাড়ি চার্জিং ষ্টেশন স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সিডিএ'র জলাবদ্ধতা প্রকল্পের আওতা বহির্ভূত ২১টি খাল খননের জন্য দ্রয়িং ডিজাইন সম্পন্ন করে ডিপিপি ৬ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তিনি বর্তমান পরিষদের অধীনে প্রতিটি বিভাগের মাধ্যমে আগামী দু' বছরের সম্ভাব্য কি কাজ করা হবে তার একটি ওয়ার্কপ্ল্যান করার অনুরোধ জানান ।

১.১১. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের একান্ত জনাব সচিব আবুল হাশেম ও প্রধান শিক্ষা কর্মকর্তা(অ. দা.) বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন উদ্যোগে প্রথম বারের মতো কেন্দ্রীয়ভাবে আন্তঃ স্কুল কলেজ বিতর্ক ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে যাতে সভাপতি দিন মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয় উপস্থিত থাকবেন। আন্দরকিল্লা চসিকের উদ্যোগে সিআরবি শিরীষ তলায় ০৯ ফেব্রুয়ারী থেকে ২ মার্চ পর্যন্ত অমর একুশের বইমেলা অনুষ্ঠিত হয়। তিনি সবাইকে উপস্থিত থেকে কার্যক্রম গুলো সফলভাবে সম্পন্নে সহযোগিতা করতে অনুরোধ জানান। রাস্তা ফুটপাতের হকার উচ্ছেদ বিষয়ে তিনি বলেন, জীবনের ঝুঁকি নিয়ে বাংলাবাজারে অভিযান চালিয়ে ফুটপাত ও সড়ক উদ্ধার করেছিলাম। প্রায় দু'মাস উদ্ধার হওয়া স্থান উন্মুক্ত ছিল। তবে এরপর আবারো সে জায়গা বেদখল হয়ে গেছে। এজন্য আমরা জায়গা উদ্ধার করলে সংশ্লিষ্ট থানাগুলো যদি নিয়মিত মনিটরিং করে তাহলে নগরীর ফুটপাত ও সড়ক উন্মুক্ত রাখা সম্ভব। মেয়র মহোদয়ের নির্দেশ বাস্তবায়নে আগামী সপ্তাহে নিউ মার্কেট থেকে কদমতলির রাস্তাটা আমরা উচ্ছেদ করব। প্রয়োজনে পুলিশ-আনসারসহ সংশ্লিষ্ট সবার সহযোগিতা নিয়ে যে কোন মূল্যে অবৈধ দখলদারদের উচ্ছেদ করব।

১.১২. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, নির্বাচনের কারণে আমাদের উচ্ছেদ অভিযান পরিচালনা কার্যক্রম কিছুটা স্থিমিত ছিল। আগামী সপ্তাহ থেকে পুরোদমে অভিযান কার্যক্রম পরিচালিত হবে। ৩৭ তম সাধারণ সভার পূর্বে ওয়াসা ঠিকাদারের প্রকল্পের মাটি খননের লে আউট অনুযায়ী বাস্তবায়ন করছে কিনা তা সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করতে হবে। তিনি ২৫০০ কোটি টাকার প্রকল্পের কাজের জবাবদিহিতা নিশ্চিতে মনিটরিং কার্যক্রম জোরদার করার নির্দেশ দেন। তিনি অগ্নি নির্বাপনে পানির প্রাপ্যতা নিশ্চিতে ওয়াসা কর্তৃক নগরীর গুরুত্বপূর্ণ স্থানে স্থাপনকৃত শতাধিক ফায়ার হাইড্রেন্ট গুলোতে জরুরী মূহুর্তে ফায়ার সার্ভিসের পানি পাওয়া নিশ্চিত করলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে ওয়াসাকে অবহিত করণের জন্য ফায়ার সার্ভিসকে চসিক বরাবরে পত্র প্রেরণের অনুরোধ জানান।

১.১৩. সম্মানিত সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সভাপতি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হওয়ায় এবং নির্বাচনে নিরঙ্কুশ জয়লাভ করে টানা চতুর্থবারসহ পঞ্চমবারের মতো প্রধানমন্ত্রী হবার অনন্য কৃতিত্ব অর্জন করায় চট্টগ্রামবাসীর পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জ্ঞাপন করেন।
তিনি বলেন, সরকারের গৃহীত জনকল্যাণমুখী কর্মসূচি গ্রহণের ফলে নানা প্রতিকূলতাসত্ত্বেও বিগত বছরগুলোতে ধারাবাহিক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন অব্যাহত রয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার স্বীকৃতি পেয়েছে। লাখো শহিদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতার সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে নিজ নিজ অবস্থান থেকে আরও বেশি অবদান রেখে দেশ ও জাতিকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে হবে।
সভাপতি বলেন, চট্টগ্রাম নগরীকে টেকসই উন্নয়নের মাধ্যমে স্মার্ট নগরীতে পরিণত করতে মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী জনসম্পৃক্ত প্রকল্প গ্রহণের পূর্বে সিটি কর্পোরেশনের সাথে সকল সেবা সংস্থার সমন্বয় করা জরুরি।
প্রকৌশল বিভাগের উদ্দেশ্যে সভাপতি বলেন, প্রতিটি ওয়ার্ডে ২৫০০ কোটি টাকার প্রকল্পের অধীনে কি পরিমাণ কাজ সম্পন্ন হয়েছে তা আগামি সাধারণ সভায় পেশ করতে হবে। নতুন সড়ক নির্মাণ, সড়ক সংস্কারসহ অবকাঠামো উন্নয়নের জন্য নতুন ডিপিপি তৈরি করতে হবে। শহরের সকল সড়কে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিংয়ের কাজ ফেব্রুয়ারির মধ্যে শেষ করতে হবে।
নগরীকে পরিচ্ছন্ন রাখার প্রত্যয় ব্যক্ত করে সভাপতি বলেন, বর্জ্য ব্যবস্থাপনা সুশৃঙ্খল করাতে প্রতিটি ওয়ার্ডে এসটিএস স্থাপন করা হচ্ছে এবং উন্নত বিশ্বের মত আন্ডারগ্রাউন্ড এসটিএস নির্মাণের পরিকল্পনা রয়েছে। নগরীর ফুটপাত, রাস্তা, স্থাপনা, হোটেলের সম্মুখে কোন আবর্জনা না ফেলার বিষয়ে নিয়মিত প্রচারণা চালানো হচ্ছে। তারপরও কেউ নির্দেশ অমান্য করলে তাদেরকে জরিমানার আওতায় আনা হবে। প্রয়োজনে স্ট্রাইকিং ফোর্সের জনবল বৃদ্ধি করে সড়ক, ফুটপাতের পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার করতে হবে।

স্মার্ট চট্টগ্রাম বিনির্মাণে নগরীর গুরুত্বপূর্ণ সড়ক ফুটপাতসমূহে হকারমুক্ত করার কারণে সৃষ্ট জনভোগান্তি লাঘবের প্রত্যয় ব্যক্ত করে সভাপতি বলেন, শহরের সব গুরুত্বপূর্ণ সড়কসমূহ হকার, ভ্রাম্যমাণ ভ্যানগাড়িতে সয়লাব হয়ে গেছে। যারফলে সাধারণ স্কুল কলেজগামী ছাত্রছাত্রী, বয়স্ক নাগরিকদের চলাচলে দূর্ভোগ সৃষ্টি হচ্ছে, যানবাহন চলাচলে সমস্যা হচ্ছে এবং পথচারীরা নিয়মিত দূর্ঘটনায় পতিত হচ্ছে যা কোনভাবেই মেনে নেয়া যায় না। তাই ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে ফুটপাত থেকে হকারমুক্ত করতে অভিযান পরিচালনা করতে হবে এবং পুর্নদখল রোধে নিয়মিত মনিটরিং করতে হবে। শুক্র ও শনিবার আগ্রাবাদসহ বিভিন্ন এলাকায় উপযুক্ত স্থানে হলিডে মার্কেট চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। সড়কের শৃঙ্খলা রক্ষার্থে গুরুত্বপূর্ণ সড়কসমূহ সিসি ক্যামেরার আওতাভুক্ত করার জন্য চসিক শীঘ্রই কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং এ বিষয়ে সিএমপি'র সহযোগিতা করতে হবে।

পে-পার্কিং বিষয়ে সভাপতি বলেন, চট্টগ্রাম মহানগরীতে স্মার্ট পে-পার্কিং চালুর বিষয়ে অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), বিআরটিএ এবং চসিকের প্রকৌশল বিভাগের মতবিনিময় সভার সিদ্ধান্তমতে আগ্রাবাদ বাণিজ্যিক এলাকাতে স্মার্ট পে-পার্কিং পাইলটিং পর্যায়ে চালু করতে হবে। ডিজিটাল সিগন্যাল সিস্টেম চালুর জন্য নিউ মার্কেট মোড় ও কাজীর দেউরী মোড়ে পাইলট প্রকল্প পরিচালিত হচ্ছে তা সফল হলে সমগ্র নগরীতে বাস্তবায়ন করা হবে।

মুরাদপুর, অক্সিজেনের মোড়ে চসিককে অবহিত না করে পুলিশ বক্স নির্মাণ করায় সভাপতি বলেন, কোন স্থানে পুলিশ বক্সের প্রয়োজনীয় থাকলে তা চসিককে অবহিত করে স্থাপন করা বাঞ্চনীয়। । চসিক সড়ক, ফুটপাতসহ যে কোন জায়গা উদ্ধার করলে সংশ্লিষ্ট থানাগুলো নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নগরীর ফুটপাত ও সড়কগুলো উন্মুক্ত রাখার ব্যবস্থা করতে হবে।

সভায় একাধিক কাউন্সিলর চসিকের বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় এবং প্রকল্প বাস্তবায়নে কাউন্সিলরদের সম্পৃক্ততা নিশ্চিত করার দাবি জানালে চসিকের প্রকৌশল বিভাগের উদ্দেশ্যে সভাপতি বলেন, বর্ষা মৌসুমে ২ মাস কাজ করা যায়না। এজন্য শুষ্ক মৌসুমেই গুরুত্বপূর্ণ অবকাঠামোগত কাজে অগ্রগতি নিশ্চিত করতে হবে। রাস্তা ঢালাই ও কাজের সময় সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, সুপারভাইজারগণ উপস্থিত থাকেনা মর্মে এলাকাবাসীর অভিযোগ রয়েছে। কাজের মান নিশ্চিত করতে ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে আলাপ করে প্রাধিকারের ভিত্তিতে টেন্ডার দিতে হবে এবং কাজ চলাকালে এলাকায় সাইনবোর্ডে কাজের বিবরণ থাকতে হবে। যাতে কাজের স্বচ্ছতার বিষয়ে জনগণ জবাবদিহিতা নিশ্চিত করতে পারে। কোন ঠিকাদারের বিরুদ্ধে নিম্নমানের কাজের অভিযোগ প্রমাণিত হলে তাকে জরিমানা করা হবে, প্রয়োজনে কার্যাদেশ বাতিল করা হবে। কাজ নিম্নমানের হলে, কাজ শেষ না করে ফেলে রাখলে ঠিকাদারকে বাতিল করা হবে।
মশক নিয়ন্ত্রণে চলমান কার্যক্রম আরো গতিশীল করার নির্দেশ দিয়ে সভাপতি বলেন, মশক নিধনের সকল কর্মকর্তাদের জোরদারভাবে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে যাতে মশকের উপদ্রব ক্রমশ হ্রাস পায়।

বিদ্যুৎ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উদ্দেশ্যে সভাপতি বলেন, বিদ্যুতের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বলতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজার ও কর্মকর্তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিডিএ কর্তৃক বাস্তবায়িত নগরীর জলাবদ্ধতা প্রকল্পে ধীরগতি প্রসঙ্গে সভাপতি বলেন, জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অধীনে চাক্তাই খাল, মির্জা খাল, মুরাদপুর খাল, মহেশ খাল সহ গুরুত্বপূর্ণ খালগুলোর মাটি চলমান শুষ্ক মৌসুমের মধ্যে পরিপূর্ণভাবে উত্তোলনের মাধ্যমে জলাবদ্ধতাপ্রবণ স্থান সমূহের জলাবদ্ধতা নিরসনে গতিশীলভাবে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ সেবা সংস্থাগুলোকে সাথে নিয়ে চসিকের সেবার মান বাড়িয়ে চট্টগ্রামকে জলাবদ্ধতা ও যানজট মুক্ত, পরিচ্ছন্ন, তিলোত্তমা নগরী হিসেবে পরিণত করতে সকলের সহযোগিতা কামনা করছি।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি ০১ ঃ গত ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৫তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৫তম সাধারণ সভার কার্যবিবরণী সচিব সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৫তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০৩ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা ভুক্ত সংস্থাসমূহ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্ত, বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্তের বিষয়ে আলোচনা।

৩.১: সংস্থা ভিত্তিক আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় বিউবোর বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়। | ১। বৈদ্যুতিক পোলে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলগুলো ব্যবহারে নগরের সৌন্দর্যহানিসহ সৃষ্ট সমস্যা ও দুর্ঘটনা সম্পর্কে ক্যাবল মালিকদের অবহিত করে পৃথক খুঁটির মাধ্যমে বক্স স্থাপন করে বা মাটির নিচ দিয়ে বা ড্রেইনের পাশ দিয়ে পাইপলাইনের মধ্য দিয়ে ক্যাবল স্থাপন করে নগরকে স্মার্ট সিটিতে রূপান্তরে বিউবো কর্তৃক সহযোগিতা প্রদান করতে হবে।<br>২। গত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। ক) প্রধান প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড চট্টগ্রাম।<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>ঘ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | ৩৫তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ওয়াসা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। কুঞ্জছায়া আবাসিক এলাকায় প্রায় লক্ষাধিক জনগণের জন্য সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করনে বুস্টার পাম্প স্টেশন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দীর্ঘদিন ধরে ৩৭,৩৮,৩৯,৪০,৪১ নং উপকূলীয় ওয়ার্ডসমূহে লবনাক্ততার কারণে পানীয় জলের তীব্র অভাবে থাকায় জনগনের স্বাস্থ্য ঝুঁকি তৈরী হচ্ছে বিধায় উক্ত এলাকা সমূহে অবিলম্বে সুপেয় পানি সরবরাহের কার্যকর পদক্ষেপ গ্রহন করতে হবে।<br>৩। স্যুয়ারেজ প্রকল্পে পাইপ লাইন স্থাপনে সড়কে বোরিং করে মাটি খননের শর্ত থাকা সত্ত্বেও ওয়াসার নিযুক্ত ঠিকাদার কর্তৃক ২৭নং আগ্রাবাদ ওয়ার্ডে সরাসরি রাস্তা কেটে পাইপ লাইন বসানোর কাজ করার ফলে চসিকের রাস্তা মেরামতের জন্য অতিরিক্ত অর্থ ব্যয় করতে হবে, সর্বোপরি সাধারণ জনগনের চলাচলে ভোগান্তি পোহাতে হবে বিধায় এইবিষয়ে শর্তানুযায়ী মাটি খননের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। স্যুয়ারেজ সেবা প্রদানের ক্ষেত্রে জনগনের কি পরিমান সেবামূল্য পরিশোধ করতে হবে তা সুস্পষ্টভাবে গেজেটসহ উপস্থাপন করতে হবে।<br>৫। অগ্নি নির্বাপনে পানির প্রাপ্যতা নিশ্চিতে ওয়াসা কর্তৃক নগরীর গুরুত্বপূর্ণ স্থানে স্থাপনকৃত শতাধিক ফায়ার হাইড্রেন্ট গুলোতে জরুরী মূহুর্তে ফায়ার সার্ভিসের পানি পাওয়া নিশ্চিত করনে দ্রুত ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৬। ৩নং পাঁচলাইশ ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরের বাসভবনের পানি সরবরাহে অদ্যাবধি ব্যবস্থা গ্রহন না করায় অবিলম্বে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭। চট্টগ্রাম শহরকে তিলোত্তমা নগরীতে পরিনত করার নিমিত্ত সুষম উন্নয়নের বিকল্প নেই। এ লক্ষ্যে নগরীর সকল সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোকে তাদের জনসম্পৃক্ত যে কোন উন্নয়ন কর্মকাণ্ড গ্রহণের ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশন অবহিতকরনসহ/অন্যান্য সকল সংস্থা সমন্বিতভাবে সংস্থা আলোচনার মাধ্যমে গ্রহন করতে হবে। | ক) ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম ওয়াসা<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩৪তম সাধারণ সভার গৃহিত সিদ্ধান্ত |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় | ১। চসিক সড়ক,ফুটপাতসহ যে কোন জায়গা উদ্ধার করলে সংশ্লিষ্ট থানাগুলো নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নগরীর ফুটপাত ও সড়কগুলো উন্মুক্ত রাখার ব্যবস্থা করতে হবে।। | ১। ক) কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ | |

| | | | |
|---|---|---|---|
| চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের এর সহযোগিতা গ্রহণের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ২। গত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহে যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>২ ক) কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br>খ) নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অধীনে চাক্তাই খাল, মির্জা খাল, মুরাদপুর খাল, মহেশ খাল সহ গুরুত্বপূর্ণ খালগুলোর মাটি চলমান শুষ্ক মৌসুমের মধ্যে পরিপূর্ণভাবে উত্তোলনের মাধ্যমে জলাবদ্ধতাপ্রবণ স্থানসমূহের জলাবদ্ধতা নিরসনে গতিশীলভাবে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতাভুক্ত সড়কসমূহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে হস্তান্তরের ক্ষেত্রে সড়কগুলো পরিপূর্ণভাবে প্রস্তুতপূর্বক জেব্রাক্রসিং ও লেইন মার্কিং এর কাজ সম্পন্ন করতে হবে।<br>৩। বহদ্দারহাট বারইপাড়া খালের দুইপাশের রাস্তার সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্মিত সুইচগেইট সংলগ্ন রিং রোডের সংযোগ স্থাপনের জন্য ১একর ভূমি হস্তান্তরের বিষয়ে চসিকের সাথে এমওইউ স্বাক্ষরের জন্য ২১-০৫-২০২৩ খ্রি. তারিখে খসড়া সিডিএতে পাঠানো হলেও অদ্যবধি তা স্বাক্ষরের কোন ব্যবস্থা না করায় বিভাগীয় কমিশনারের সমন্বয় সভায় তা সম্পন্নকরনে তাগাদার প্রেক্ষিতে চুক্তিটি দ্রুত সম্পাদনের ব্যবস্থা গ্রহণ<br>করতে হবে।<br>৪। পূর্ব বোদ্দারহাটের জলাবদ্ধতা নিরসনের এক কিলোমিটার এলাকায় কালভার্টের মাধ্যমে বারইপাড়া খালের সাথে বাকলিয়া খালের সংযোগ করে বাকলিয়া খালের পানি বারইপাড়া খালের মাধ্যমে কর্ণফুলীতে নিষ্কাশনে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। নগরীর বিভিন্ন স্থানে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে সিডিএ কর্তৃক বাস্তবায়িত জলাবদ্ধতা প্রকল্পের আরডিপিপির একটি কপি চট্টগ্রাম সিটি কর্পোরেশনে প্রেরণের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৬। চট্টগ্রাম শহরকে তিলোত্তমা নগরীতে পরিনত করার নিমিত্ত সুষম উন্নয়নের বিকল্প নেই। এ লক্ষ্যে নগরীর সকল সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোকে তাদের স্বসম্পৃক্ত যে কোন উন্নয়ন কর্মকান্ড গ্রহণের ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশন অবহিতকরনসহ/অন্যান্য সকল সংস্থা সমন্বিতভাবে সংস্থা আলোচনার মাধ্যমে গ্রহন করতে হবে। | ১-৬। ক) চেয়ারম্যান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ। খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

প্রকৌশল বিভাগ

প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সংশ্লিষ্ট সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সংশ্লিষ্ট সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। প্রতিটি ওয়ার্ডে ২৫০০ কোটি টাকার প্রকল্পের অধীনে কি পরিমাণ কাজ সম্পন্ন হয়েছে তা সাধারণ সভায় পেশ করতে হবে।<br>২। নতুন সড়ক নির্মাণ, সড়ক সংস্কারসহ অবকাঠামো উন্নয়নের জন্য নতুন ডিজাইন তৈরি করতে হবে।<br>৩। বর্ষা মৌসুমের গুরুত্বপূর্ণ অবকাঠামোগত কাজে অগ্রগতি নিশ্চিত করতে হবে।<br>৪। রাস্তা ঢালাই ও কাজের সময় সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, সুপারভাইজারগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>৫। কাজের মান নিশ্চিত করতে ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে আলাপ করে অগ্রাধিকারের ভিত্তিতে টেন্ডার দিতে হবে।<br>৬। উন্নয়ন কাজ চলাকালে কাজের অগ্রগতির বিষয়ে জনগণ অবগতির নিমিত্তে এলাকায় সাইনবোর্ডে কাজের বিবরণ থাকতে হবে এবং ১ মাসের মধ্যে ২৫০০ কোটি টাকার সকল প্রকল্পে নামফলক স্থাপন করতে হবে।<br>৭। কোন ঠিকাদারের বিরুদ্ধে নিম্নমানের কাজের অভিযোগ প্রমাণিত হলে তাকে জরিমানা করতে হবে, প্রয়োজনে কার্যাদেশ বাতিল করা হবে।<br>৮। সাধারণ সভার পূর্বে ওয়াসা সুয়ারেজ প্রকল্পের মাটি খননের যে শর্ত অনুযায়ী সংস্কার করছে কিনা তা সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করতে হবে।<br>৯। ১লা মার্চ থেকে আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় স্মার্ট পে পার্কিংয়ের পাইলট প্রকল্প বাস্তবায়ন করতে হবে।<br>১০। শহরের সকল সড়কে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিংয়ের কাজ ফেব্রুয়ারির মধ্যে শেষ করতে হবে এবং দুর্ঘটনারোধে মিড ব্যারিকেড ও গোল চত্বরসমূহে রেট্রো রিফ্লেকটিভ স্টিকার ব্যবহার করতে হবে।<br>১১। চাঁনমিয়া সওদাগর রোডের ভাঙ্গা অংশ কেটে প্যাচওয়ার্ক করে জরুরি ভিত্তিতে যানবাহন চলাচলের উপযোগী করে দিতে হবে।<br>১২। ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারকৃত কাজের গুণগতমান বজায় রাখার জন্য নির্মাণ সামগ্রী চুয়েটের ল্যাবে পরীক্ষা করতে হবে।<br>১৩। প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী ও সুপারভাইজারদের সড়ক, ফুটপাত, সড়কবাতিসমূহের জরুরি ভিত্তিতে সংস্কারের নিমিত্তে নিয়মিত সরেজমিনে পরিদর্শন নিশ্চিত করতে হবে। অন্যথায় তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>১৪। জনগণের নির্বিঘ্ন চলাচলে যাতে সমস্যা না হয় সেজন্য বিপদজনক ও ঝুঁকিপূর্ণ সাইডড্রেন, নালার উপর স্ল্যাব, প্রতিবন্ধকতাসহ সকল সড়কের নির্মাণ ও মেরামত কাজ দ্রুত শেষ করতে হবে। যেসব ঝুঁকিপূর্ণ খাল-নালার উপর স্ল্যাব নির্মাণ সম্ভব নয় সে স্থানে সতর্কীকরণ/নির্দেশক চিহ্ন অথবা ব্যারিয়ার স্থাপন করতে হবে। প্রকৌশল বিভাগ জরুরী ভিত্তিতে জোনওয়ারী একার্যক্রম সম্পন্ন করবেন এবং সম্পাদিত কাজের অগ্রগতি সুস্পষ্টভাবে তালিকা আকারে প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করবেন।<br>১৫। বাড়ইপাড়া খালখনন প্রকল্পের এলএ শাখা কর্তৃক প্রাপ্ত ভূমিতে প্রকল্পের মেয়াদের মধ্যে খনন ও সাইডওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে এবং এক্ষেত্রে কোন অবস্থাতেই নির্দিষ্ট সময়সীমা অতিক্রম করা যাবে না। খালের দৈর্ঘ্য অনুযায়ী কতটুকু ভৌত অগ্রগতি সম্পন্ন হয়েছে তা সাধারণ সভায় সুনির্দিষ্টভাবে গ্রাফচার্ট এর মাধ্যমে উপস্থাপন করতে হবে।<br>১৬। সেবক কলোনী নির্মাণ প্রকল্পের অধীনে নির্মিত ভবনসমূহের প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত কাজের পরিমাণ সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>১৭। বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাসওয়ারী কতটুকু কাজ সম্পন্ন হচ্ছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি গ্রাফচার্ট আকারে সুনির্দিষ্টভাবে প্রতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | ১। কঃ প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রকল্প পরিচালক<br>২-১৪। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>১৫-১৭ কঃ প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রকল্প পরিচালক চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)

৩:২:৩ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। নগরীর মূলসড়কসহ প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বলতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজার ও কর্মকর্তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২ এলওসির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

## ৩.২.৪ প্রকৌশল বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্তঃ

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন/সংশ্লিষ্ট কর্মকর্তা |
|---|---|---|
| গত ২১-০১-২০২৪খ্রিঃ পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটির ৭ম সভায় কোভিড প্রকল্পের মাধ্যমে বিভিন্ন ওয়ার্ডে ৬৬ কিঃ মিঃ সড়ক আলোকায়ন, নগরীর ফ্লাইওভারে আলোকায়ন সহ সৌন্দর্যবর্ধন, নগরীতে নতুন পোল ও লাইটিং, বিভিন্ন পার্ক, কবরস্থান ও শ্মশানে লাইটিং করার গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. কোভিড প্রকল্পের আওতায় বিভিন্ন ওয়ার্ডে ৬৬ কিঃ মিঃ সড়ক পথে নতুনভাবে বৈদ্যুতিক পোল স্থাপন পূর্বক লাইটিং কাজের কার্যাদেশ প্রদান করতে হবে।<br>২. আখতারুজ্জামান ফ্লাইওভারে আলোকায়ন সহ সৌন্দর্যবর্ধনের কাজ কোভিড প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করতে হবে।<br>৩. কোভিড প্রকল্পের আওতায় প্রতি ওয়ার্ডে আনুমানিক ২ কিঃ মিঃ নতুন পোল ও লাইটিং এর ব্যবস্থা করতে হবে।<br>৪. কোভিড প্রকল্পের আওতায় নগরীর বিভিন্ন পার্ক বিশেষতঃ লালদিঘী পার্ক, এম.এ মান্নান ফ্লাইওভার, কবরস্থান ও শ্মশানে নতুনভাবে পোল নির্মাণ ও লাইটিং, লাইটিং ফোয়ারা-এর প্রকল্প গ্রহণ করতে হবে। এছাড়া ২টি শ্মশানে অত্যাধুনিক চুল্লি নির্মাণ করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) |
| গত ২১-০১-২০২৪খ্রিঃ যোগাযোগ স্থায়ী কমিটির স্থায়ী কমিটির ১০তম সভায় স্মার্ট পে-পার্কিং চালু ও দেওয়ানহাট হতে বারিক বিল্ডিং পর্যন্ত সড়কপথে লম্বালম্বিভাবে রিক্সা চলাচল বন্ধের গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. চট্টগ্রাম মহানগরীতে স্মার্ট পে-পার্কিং চালুর বিষয়ে মাননীয় মেয়র এর সভাপতিত্বে অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), পরিচালক (ইঞ্জিঃ) বিআরটিএ এবং চসিকের প্রকৌশল বিভাগের মতবিনিময় সভার সিদ্ধান্তমতে আগ্রাবাদ বাণিজ্যিক এলাকাতে স্মার্ট পে-পার্কিং পাইলটিং পর্যায়ে চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. নগরীর দেওয়ানহাট হতে বারিক বিল্ডিং পর্যন্ত সড়কপথে লম্বালম্বিভাবে রিক্সা চলাচল বন্ধের ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ)প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| গত ২১-০১-২০২৪খ্রিঃ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ স্থায়ী কমিটির ১৭তম সভায় যান্ত্রিক উপ-বিভাগ নিয়োজিত এসফল্ট প্লান্ট, আবর্জনাবাহী গাড়ী ও বিভাগীয়/দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়ী নবায়ন/মেরামত করার বিষয়ে গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | যান্ত্রিক উপ-বিভাগ নিয়োজিত এসফল্ট প্লান্ট, আবর্জনাবাহী গাড়ী ও বিভাগীয়/দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়ী নবায়ন/মেরামত অগ্রাধিকার ভিত্তিতে বিআরটিএ এর মাধ্যমে মেরামত সম্পন্ন করা হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি<br>খ)তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) |

৩.৩: রাজস্ব বিভাগ

৩:৩.১ঃ রাজস্ব বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নে এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়া সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সার্বিক সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. হস্তান্তরের পূর্বশর্তে দখিলে মার্কেট চালু করতে হবে।<br>২. ই-রেভেনিউ পদ্ধতিতে শতভাগ রাজস্ব আদায়ের কর্মসূচি বাস্তবায়নের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৩. সিটি ডেভেলপমেন্ট চার্জের বিষয়ে শীঘ্রই মন্ত্রণালয়ে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>৪. কাস্টমস এর বিল অব এন্ট্রি থেকে নির্দিষ্ট ফি আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫. অননুমোদিত স্থাপনাসমূহ থেকে রাজস্ব আদায়ের সম্ভাব্যতা ও মাসওয়ারী আদায় সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৬. সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন কমিউনিটি সেন্টারে জেয়াফত, মেজবান, বিবাহসহ বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের ভোজন কর নির্ধারণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | বিগত সাধারণ সভার গৃহীত সিদ্ধান্ত |

## ৩:৪ঃ পরিচ্ছন্নতা বিভাগ

৩:৪:১ঃ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পরিচ্ছন্নতা বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সার্বেক্ষি সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। কাউন্সিলরদের সাথে সমন্বয় করে পরিচ্ছন্ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। প্রয়োজনে স্ট্রাইকিং ফোর্সের জনবল বৃদ্ধি করে সড়ক, ফুটপাতের পরিচ্ছন্ন কার্যক্রম জোরদারে করতে হবে।<br>২। যাতে বর্ষাকালে জলাবদ্ধতা সৃষ্টি না হয় সেজন্য চলমান শুষ্ক মৌসুমের মধ্যে নগরীর সকল নালা নর্দমা খালের মাটি আবর্জনা পরিপূর্ণভাবে উত্তোলন করে পানি চলাচলের সুবন্দোবস্ত করতে হবে।<br>৩। নগরীর বড় ওয়ার্ডগুলোর মশক নিধন কর্মী বৃদ্ধি করে মশক নিধন কার্যক্রম জোরদার ভাবে পরিচালনার জন্য মশক নিধন কর্মকর্তাকে আরো তৎপরতা সাথে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং এডিস মশা জন্মায় এসব স্থানসমূহে আরো অধিক পরিমানে মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১,২। ক)সম্মানিত কাউন্সিলরগণ চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩,৪।<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৫:১ঃসচিবালয় বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় সচিবালয় বিভাগ সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে সার্বেক্ষি সিদ্ধান্ত গৃহিত হয়। | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার) প্রবিধান খসড়া সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং তা চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | ক)সচিব চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) আইন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৫:২:ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে ফুটপাত থেকে হকারমুক্ত করতে অভিযান পরিচালনা করতে হবে; পুর্নদখল রোধে নিয়মিত মনিটরিং করতে হবে।। <br> ২। মশার প্রজননক্ষেত্র ধ্বংসে, খাদ্যের ভেজাল রোধে, অবৈধ স্থাপনা উচ্ছেদে, ফুটপাত দখলমুক্তকরণে ম্যাজিস্ট্রেট শাখা কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের কার্যক্রম আরো জোরদার করতে হবে। <br> ৩। রাস্তা/ নালার উপর ময়লা আবর্জনা ফেললে জরিমানার আওতায় আনতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে। | নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | বিগত সভাসমূহে গৃহিত সিদ্ধান্ত |

৩.৫.৩ ক্রীড়া ও সংস্কৃতি স্ট্যান্ডিং কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| গত ২১-০১-২০২৪ খ্রিঃ ক্রীড়া ও সংস্কৃতি স্ট্যান্ডিং কমিটির ১০ম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত গৃহীত সিদ্ধান্ত হয় | প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগ ২০২২-২৩ এর খেলার সর্বমোট অতিরিক্ত ব্যয়কৃত ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সচিব <br> চট্টগ্রাম সিটি কর্পোরেশন <br> ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা <br> চট্টগ্রাম সিটি কর্পোরেশন <br> ৩। সাধারণ সম্পাদক <br> চট্টগ্রাম সিটি কর্পোরেশন একাদশ |
| | চসিক একাদশ আয়োজিত বিয়েন্যাল মেয়র কাপ অনুর্ধ -১৬ ও টি -২০ টুর্নামেন্টের সফল ভাবে অনুষ্ঠান সমাপ্তির বিষয়ে চসিক ক্রীড়া ও সংস্কৃতি স্ট্যান্ডিং কমিটির সকল সদস্যদের চসিক একাদশের সকল কর্মকর্তা ও একাদশের খেলোয়াড়দের খেলা যথাযথভাবে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সম্মানিত কাউন্সিলর ও সদস্য ক্রীড়া ও সংস্কৃতি স্ট্যান্ডিং কমিটি <br> চট্টগ্রাম সিটি কর্পোরেশন <br> ২। সচিব <br> চট্টগ্রাম সিটি কর্পোরেশন <br> ৩। সাধারণ সম্পাদক <br> চট্টগ্রাম সিটি কর্পোরেশন একাদশ |
| | সি.জে.কে.এস আয়োজিত প্রিমিয়ার ডিভিশন ২০২৪ এর বিভিন্ন ইভেন্টের খেলার চসিক একাদশ ও একাদশ ব্লীও দল অংশ গ্রহনার্থে = ৭৩,৯০,০০০/-(তিয়াত্তর লক্ষ নব্বই হাজার) টাকা বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সম্মানিত কাউন্সিলর ও সদস্য ক্রীড়া ও সংস্কৃতি স্ট্যান্ডিং কমিটি <br> ২। সচিব <br> চট্টগ্রাম সিটি কর্পোরেশন <br> ৩। সাধারণ সম্পাদক <br> চট্টগ্রাম সিটি কর্পোরেশন একাদশ |

৩.৬. "দারিদ্র হ্রাস-করণ ও বস্তি উন্নয়ন " বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২১ জানুয়ারি "দারিদ্র হ্রাস-করণ ও বস্তি উন্নয়ন কমিটির গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চট্টগ্রাম মহানগরী এলাকায় বসবাসকারী জনগনকে ডেঙ্গুর বাসস্থান নাশ করার জন্য গৃহস্থালীর বর্জ্য নির্দিষ্ট স্থানে ফেলা ও সচেতনতামূলক কার্যক্রম ব্যবস্থা গ্রহণের জন্য সরকারী ও বিভিন্ন বেসরকারী সংস্থার সাথে সমন্বয় করে কাজ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। | বস্তি উন্নয়ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>ও<br>কমিটির সভাপতি এবং সদস্যবৃন্দ। |

৩:৭:১:নগর পরিকল্পনা শাখা সম্পর্কিত স্থায়ী কমিটির গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্তঃ

| আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| গত ১৪ জানুয়ারি "নগর পরিকল্পনা ও উন্নয়ন স্ট্যান্ডিং কমিটির " ২২তম গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) সৌন্দর্যবর্ধনের প্রকল্প প্রস্তাবনা ক্ষেত্রে নগর পরিকল্পনা ও উন্নয়ন স্ট্যান্ডিং কমিটির সদস্যদের মতামত ও নির্দেশনা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>খ) সৌন্দর্যবর্ধন প্রকল্পে স্থানসমূহে একই ডিজাইন, একই সাইজে যাত্রী ছাউনি, সাইট বক্স, মিড আইল্যান্ড ইত্যাদি করতে হবে এবং সৌন্দর্যবর্ধন প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে নিজ খরচে রক্ষণাবেক্ষণ, পানি ও বিদ্যুৎ-এর ব্যবস্থা গ্রহণে বাধ্য করা এবং চুক্তিপত্রে এ ব্যাপারে সুনির্দিষ্ট শর্ত থাকবে।<br>গ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সৌন্দর্যবর্ধনের একটি গাইড লাইন করতে হবে যা দ্বারা সৌন্দর্যবর্ধন প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহ সকল কার্যক্রম বাস্তবায়িত করবে এবং সৌন্দর্যবর্ধনকারী প্রতিষ্ঠান এই গাইডলাইন ও চুক্তির অপরাপর শর্ত প্রতিপালন না করলে চুক্তি বাতিল করার শর্ত প্রযোজ্য হবে।<br>ঘ) সৌন্দর্যবর্ধন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে স্বনামধন্য প্রতিষ্ঠানকে আমন্ত্রণ জানাতে (সম্ভব হলে পত্রিকার মাধ্যমে প্রচার) হবে।<br>ঘ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের লোগোর পাশাপাশি সৌন্দর্যবর্ধনকারী প্রতিষ্ঠানের লোগো ব্যতিত অন্য কোন লোগো ব্যবহার না করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

৩.৮ শিক্ষা স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্তঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত-গ্রহণ | বাস্তবায়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষক ও কর্মচারী নিয়োগ সংক্রান্ত আলোচনা ঃ-<br>আলোচ্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি এবং শ্রেণি শাখা খোলার প্রয়োজনীয়তায় বিষয় ভিত্তিক শিক্ষক স্বল্পতার কারণে পাঠদানে জটিলতা নিরসনের লক্ষ্যে কর্পোরেশনের অর্থায়নে সর্বসাকুল্যে বেতনে সহকারী শিক্ষক নিয়োগদানের বিজ্ঞপ্তি প্রকাশের ও এমপিও প্রাপ্তির আলোকে বেসরকারি শিক্ষা নীতিমালা ২০২৪ এর জনবল কাঠামোর ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য আলোচনা করা হয়। | ক) আগামী ফেব্রুয়ারী ২০২৪ মাসের মধ্যে উক্ত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রধান শিক্ষা কর্মকর্তা<br>ও<br>শিক্ষা কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | জানুয়ারী-২০২৪ মাসের শিক্ষা স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত |
| ০২ | চসিক পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে আন্তঃ স্কুল এবং কলেজে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান করার বিষয় সংক্রান্ত আলোচনাঃ-<br>আলোচ্য বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে পড়ালেখার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক পর্যায়ে সৃজনশীল মনোভাব অধিকতর বিকাশের লক্ষ্যে ইতোমধ্যে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন খেলাধুলা, আবৃত্তি, বিতর্ক প্রতিযোগিতা ও সংগীত পর্যায়ে | ক) শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্রীড়া, বিতর্ক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন শেষে বিষয় ভিত্তিক ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের নিয়ে কেন্দ্রীয়ভাবে প্রতিযোগিতা | প্রধান শিক্ষা কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ও<br>সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রতিযোগিতা কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে জানানো হয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আগামী ২৮/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী প্রতিযোগিদের নামের তালিকা শিক্ষা বিভাগের প্রেরণের জন্য বলা হয়েছে ও উক্ত অনুষ্ঠান পরিচালনার লক্ষ্যে কমিটি গঠন করে আগামী ০৭/০২/২০২৪ খ্রি. তারিখ হতে কেন্দ্রিয়ভাবে প্রতিযোগিতার আয়োজন করার জন্য আলোচনা করা হয়। | আয়োজন পূর্বক আগামী ০৭ মার্চ, ২০২৪ তারিখে পুরস্কার বিতরণী প্রোগ্রাম সম্পন্ন করতে হবে। | | |
| ০৩. | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও অমর একুশে বইমেলা-২০২৪ উদ্‌যাপন সংক্রান্ত আলোচনা :-<br>আলোচ্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আগামী ০৯/০২/২০২৪ খ্রি. তারিখ হতে অমর একুশে বইমেলা-২০২৪ উদ্‌যাপনের লক্ষ্যে সিআরবি শিরিষ তলার স্থানটিকে অনুষ্ঠিত করার গুরুত্ব দিয়ে অপরাগতায় সার্কিট হাউজ সংলগ্ন শিশু পার্কের উন্মুক্ত স্থানকে ভেন্যু হিসেবে ব্যবহারের আলোচনা করা হয়। | ক) বইমেলার ভেন্যু নির্ধারণের বিষয়ে সিআরবি শিরিষ তলার স্থানটিকে গুরুত্ব দিয়ে নগরীর অপরাপর ভেন্যু মাথায় রেখে সিদ্ধান্ত হয়। ঐ সময়ে দায়িত্বপ্রাপ্ত তথ্য/সংস্কৃতি মন্ত্রীর উপস্থিতিতে বইমেলার উদ্বোধন অনুষ্ঠান করার জন্য প্রস্তাব গৃহিত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>ও<br>প্রধান শিক্ষা কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| | ক) অত্র কর্পোরেশন পরিচালিত চট্টগ্রাম সিটি কর্পোরেশন রবীন্দ্র নজরুল কিন্ডারগার্টেন ২০১৩ সালে চালু করা হয় এবং কবির আহম্মদ সিটি কর্পোরেশন প্রাথমিক বিদ্যালয়টি ২০১৫ সালে চালু করা হয়। কিন্তু উক্ত শিক্ষা প্রতিষ্ঠানদ্বয়ের শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার পরও শিক্ষার্থী ভর্তিতে তেমন অগ্রগতি পরিলক্ষিত না হওয়ায় রবীন্দ্র নজরুল কিন্ডারগার্টেন প্রতিষ্ঠানটি একই ভবনে অবস্থিত পাথরঘাটা সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয়ের সাথে সংযোজিত করে আগামীতে ৪র্থ ও ৫ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করার ও কবির আহম্মদ সিটি কর্পোরেশন প্রাথমিক বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ না করে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান খোলার ব্যবস্থা গ্রহণে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদেরকে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে বদলী/ পদায়নের ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়। | ক) রবীন্দ্র নজরুল কিন্ডারগার্টেন এবং কবির আহমদ সিটি কর্পোরেশন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা আশঙ্কাজনকভাবে কমে যাওয়ায় সন্নিকটস্থ স্কুলগুলোতে ছাত্র ছাত্রীদের ভর্তি করিয়ে নিকটস্থ বিদ্যালয়ে শিক্ষকদের শূন্য পদে বদলীর প্রস্তাব করা হয়। কবির আহমদ সিটি কর্পোরেশন প্রাথমিক বিদ্যালয়ের ভেন্যুতে টেকনিক্যাল কলেজ স্থাপনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | প্রধান শিক্ষা কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

<u>৩.৯: সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্ট্যান্ডিং কমিটি সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত</u>

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|
| মহান একুশে বইমেলা ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উপলক্ষে কর্মসূচি গ্রহণ। | একুশে বইমেলা ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২৪ এর কর্মসূচি পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে তবে জাতীয় কর্মসূচি ও মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনার আলোকে বাস্তবায়ন করা হবে:<br>১) প্রতিবারের ন্যায় এবারও ২২ দিনব্যাপী সিআরবি (শিরীষ তলা) মাঠে এ বইমেলা আয়োজন করতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে সুপারিশ করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত পাবলিক লাইব্রেরী পুস্তক প্রদর্শনীতে অংশ নেবে। মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা মতে শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি জনাব ড. নেছার উদ্দিন আহমেদ মঞ্জু কে আহবায়ক ও জনাব মুহাম্মদ আবুল হাশেম- প্রধান শিক্ষা কর্মকর্তা কে সদস্য সচিব করে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন ও একুশে বইমেলা ২০২৪ এবং কর্মসূচি পর্যালোচনা করা হয়। মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা মতে বইমেলা সংশ্লিষ্ট কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য বিভিন্ন উপকমিটি গঠন করা হবে। সৃজনশীল প্রকাশক পরিষদ ও গঠিত কমিটির সুপারিশ সমূহ বিবেচনায় রেখে দর্শক ও পাঠক সমাগমের | শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও কাউন্সিলর ১০নং ওয়ার্ড,<br>প্রধান শিক্ষা কর্মকর্তা,<br>নির্বাহী প্রকৌশলী ডিভিশন-১,<br>নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ-<br>(৪/২/২৪ থেকে পিডিবি হতে মিটার এর ব্যবস্থা করবেন),<br>জনসংযোগ কর্মকর্তা,<br>নির্বাহী প্রকৌশলী যান্ত্রিক,<br>উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>৭/২/২৪ থেকে সার্বক্ষনিক ৬ জনের একটি টিমের ব্যবস্থা নিবেন, উপসচিব,<br>সমাজকল্যাণ ও সাংস্কৃতিক | ২১ জানুয়ারি ২০২৪খ্রি: সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্ট্যান্ডিং কমিটি সভার কার্যবিবরণী |

| | | | |
|---|---|---|---|
| | সাথে কর্মসূচি চূড়ান্ত করা হবে। উপসচিব ও সমাজকল্যাণ কর্মকর্তা - জনাব মোঃ আশেক রসুল চৌধুরী সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রকাশকদের ১ম সিঙ্গেল স্টল বরাদ্দ দিতে ৭,০০০/- টাকা, ডাবল/২য় স্টলে ১২,০০০/- টাকা পে-অর্ডার মূলে এবং স্টল আবেদন ফরম ফি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | কর্মকর্তা, আইটি অফিসার/প্রোগ্রামার ওয়েবসাইট ও অফিসিয়াল ফেসবুক পেইজে এ প্রকাশ প্রেরিত ফরম ডাউন লোড পূর্বক সমাসনয়ে উপস্থাপনের ব্যবস্থা নিবেন এবং সংশ্লিষ্ট সংগীত শিক্ষক বৃন্দ। | |
| | ২) সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবেঃ- বিষয় সমূহঃ চিত্রাংকন, উপস্থিত বক্তৃতা, আবৃত্তি, হামদ-নাত, উপস্থিত বক্তৃতা ও রচনা প্রতিযোগিতা এ বিষয়ে একটি উপ কমিটি গঠন করতে হবে ।<br>৩) প্রতিবারের ন্যায় এবারও সাংস্কৃতিক, সাংবাদিকতা ,গবেষণা, ক্রীড়া,শিক্ষা,চিকিৎসা, সমাজসেবা, ভাষা আন্দোলন, স্বাধীনতা আন্দোলন ও মুক্তিযুদ্ধ এবং সাহিত্য ক্ষেত্রে চট্টগ্রামে অবদানের জন্য স্বীকৃত স্বরূপ ১০ জন ব্যক্তিত্বকে মরণোত্তর/জীবদ্দশায় একুশে স্মারক সম্মাননা পদক-২০২৪ প্রদান করা হবে। এ ব্যাপারে মেয়র মহোদয়ের সিদ্ধান্ত-ই চূড়ান্ত হবে। তবে সাহিত্য বিষয়ে পাঁচ (৫) জনকে মনোনীত করার লক্ষে একটি জুরী বোর্ড মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা মতে গঠিত হবে এবং একজন প্রবীন, শিক্ষাবিদ,একজন সাংবাদিক ও নারী সংগঠক ও লেখক-কবিসহ শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি, প্রধান শিক্ষা কর্মকর্তা, উপসচিব সমন্বয়ক হিসেবে এ কমিটিতে কাজ করার সুপারিশ করা হয়। একুশে সম্মাননা প্রাপ্তদেরকে প্রতিবারের ন্যায় পদক, ক্রেষ্ট, সনদ দেয়া হবে। তবে সাহিত্যে সম্মাননা প্রাপ্তদেরকে প্রতি বছরের ন্যায় পদক, ক্রেষ্ট ও সনদের পাশাপাশি সম্মানী প্রদান করতে হবে এবং কমিটির সুপারিশের প্রেক্ষিতে ৩,১৭,০৭০/- টাকা বাজেট অনুমোদন করা হয়। | সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও কাউন্সিলর ৩১ নং ওয়ার্ড ,<br>প্রধান শিক্ষা কর্মকর্তা, উপসচিব, সমাজকল্যাণ ও সাংস্কৃতিক কর্মকর্তা। | |
| | ৪) ২৩ দিনব্যাপী অনুষ্ঠানমালার জন্য গতবারের সামগ্রিক ব্যয় বিবেচনাপূর্বক এবারেও<br>➢ প্যান্ডেল ও ইভেন্ট ম্যানেজমেন্ট- মাঠ ব্যবস্থাপনা<br>➢ লাইটিং, গ্যাস বেলুন<br>➢ আমন্ত্রণপত্র,ব্যানার,ফেস্টুন-লিফলেট<br>➢ বিদ্যুৎ বিল<br>➢ প্রতিযোগিতার বিচারক-সম্মানী, আপ্যায়ন, পুরস্কার<br>➢ মিডিয়া, সিসি টিভি,সাউন্ড সিস্টেম,মাইক<br>➢ সাংস্কৃতিক অনুষ্ঠানে যন্ত্রী-যন্ত্র, এলইডি<br>➢ পদক, সাহিত্য পুরস্কার-সম্মানী-সনদ,স্মারক বই প্রকাশনা ইত্যাদি বাবদ<br>কমিটির সুপারিশের প্রেক্ষিতে ৫০,৫০,৪০০/- টাকা বাজেট অনুমোদন হয়। প্রেরিত বিভিন্ন উপকমিটির ক্ষেত্রে রিকুইজিশন সমন্বয় পূর্বক বাজেট নিশ্চিত করনের মাধ্যমে কর্মসূচি বাস্তবায়ন করতে হয়। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা চট্টগ্রামসিটি কর্পোরেশন<br>সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও কাউন্সিলর ৩১ নং ওয়ার্ড ,<br>প্রধান শিক্ষা কর্মকর্তা, উপসচিব, সমাজকল্যাণ ও সাংস্কৃতিক কর্মকর্তা। | |

৩.১০. সড়ক , ভবন ও স্থাপনা নামকরণ সংক্রান্ত উপ-কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| গত ২৮/০১/২০২৪খ্রিঃ ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের সড়ক , ভবন ও স্থাপনা নামকরণ সংক্রান্ত উপ-কমিটির ৭ম সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১৫নং বাগমনিরাম ওয়ার্ডের গোল পাহাড় মোড়কে "শহীদ ছাত্রনেতা মহিম উদ্দিন চত্বর"- এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১৩নং পাহাড়তলী ওয়ার্ডের অর্ন্তগত জাকির হোসেন সড়ক হইতে আমবাগান পাহাড়তলী সড়ক পর্যন্ত | ১। প্রয়োজনীয় তথ্যাবলী পাওয়া সাপেক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১৫নং বাগমনিরাম ওয়ার্ডের গোল পাহাড় মোড়কে "শহীদ ছাত্রনেতা মহিম উদ্দিন চত্বর"-এর নামে নামকরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং তা চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১৩নং পাহাড়তলী ওয়ার্ডের অন্তর্গত জাকির হোসেন সড়ক হইতে আমবাগান পাহাড়তলী সড়ক পর্যন্ত রোডের নামে সড়কটির নাম পরিবর্তন করে স্বাধীনতা যুদ্ধের বীর সেনানী, চট্টগ্রাম | নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও |

| | | |
|---|---|---|
| [illegible] পাস সড়কটির নাম পরিবর্তন করে স্বাধীনতা যুদ্ধের বীর সেনানী, রাষ্ট্রীয় সম্মানপ্রাপ্ত "বীর মুক্তিযোদ্ধা শহীদ ডাঃ (ক্যাপ্টেন) আহমেদ কবির সড়ক"-এর নামে নামকরণ বিষয়ে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | সম্মানপ্রাপ্ত "বীর মুক্তিযোদ্ধা শহীদ ডাঃ (ক্যাপ্টেন) আহমেদ কবির সড়ক"-এর নামে সড়ক নামকরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং তা চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সচিব, ভূমি ও ছাপখানা নামকরণ উপ-কমিটি। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
২৭.০২.২৪
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৫০০.০০১.০৬.০০২.২৪- ২৬৮

তারিখ: ২৭.০২.২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৮। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, রহমতগঞ্জ, চট্টগ্রাম
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
১৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ
১৫। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
১৬। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এণ্ড সিভিল ডিফেন্স এর প্রতিনিধি
১৭। উপ-পরিচালক, বি.আর.টি.এ এর প্রতিনিধি
১৮। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে এর প্রতিনিধি
১৯। অধিনায়ক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান-০৭ এর প্রতিনিধি
২০। কাউন্সিলর ..............................নং ওয়ার্ড/সংরক্ষিত আসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২১। বিভাগীয় প্রধান (সকল) ...............................................বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২২। মাননীয় মেয়র এর একান্ত সচিব।
২৩। শাখা প্রধান(সকল)...............................................চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২৪। অফিস কপি।

২৭.২.২০২৪

(শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন